



জননিরাপত্তা বিভাগের অধীন অধিদপ্তর/সংস্থাসমূহের ডিসেম্বর ২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ সিনিয়র সচিব
সভার তারিখ	২৭ ডিসেম্বর, ২০২৩
সভার সময়	সকাল ১১:০০ টা
স্থান	সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিতি	পরিশিষ্ট- 'ক'

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় জননিরাপত্তা বিভাগের অতিরিক্ত সচিব, যুগ্মসচিব এবং অধিদপ্তর/সংস্থাসমূহের প্রধানের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-৩) সভার কার্যপত্রের সিদ্ধান্তসমূহ ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন। গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হলে তা কোন সংযোজন বা সংশোধন না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়।

সভাপতি বলেন যে, এ বিভাগের অধীণ দপ্তর/সংস্থার দীর্ঘদিন হতে যে সকল বিষয় অনিষ্পন্ন রয়েছে তা নিষ্পত্তির লক্ষ্যে দপ্তর/সংস্থা হতে প্রেরিত তালিকা এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ হতে সংযোজন-বিয়োজনপূর্বক হালনাগাদ তালিকা নতুন ছক অনুযায়ী অনুবিভাগ প্রধানের অনুমতিক্রমে যে কোন এক শাখা প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে প্রশাসন-৩ শাখায় আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। পুলিশ অধিদপ্তরের দীর্ঘদিন পেন্ডিং আইনের ভাষান্তরের কার্যক্রমের নির্দিষ্ট পয়েন্টসহ অগ্রগতির পরিসংখ্যান পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে মর্মে মতামত ব্যক্ত করেন।

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক APA'র (Next Generation APA) বিষয়ে চাহিত প্রস্তাবসমূহ যাচাই-বাছাইপূর্বক জননিরাপত্তা বিভাগ ও অধীন দপ্তর/সংস্থার APA'র সূচক অর্জনে যে সকল সমস্যার সম্মুখীন হতে হয় তা পয়েন্ট আকারে নিজেদের মতামত/ সমস্যাসমূহ'কে প্রস্তাবসমূহে অন্তর্ভুক্ত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে মর্মে মতামত ব্যক্ত করেন। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী জননিরাপত্তা বিভাগ ও অধীন সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইট জাতীয় তথ্য বাতায়নের ফ্রেমওয়ার্ক এর আদলে হালনাগাদ অব্যাহত রাখতে হবে। পুলিশ অধিদপ্তরের ওয়েবসাইটে মাননীয় মন্ত্রী ও সিনিয়র সচিব মহোদয়ের ছবি সংযুক্ত করতে হবে এবং এ সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের জিও সকল দপ্তর/সংস্থায় প্রেরণ করে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করে দ্রুত ছবি সংযুক্ত করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন।

সভাপতি বলেন, দপ্তর/সংস্থার বিভিন্ন ইনোভেশন ও রিফর্ম, সংস্কার বিষয়ে সকলকে ধারণা দেয়া প্রয়োজন। সেজন্য দপ্তর/সংস্থা হতে প্রতিনিধি নিয়ে একটি কর্মশালা আয়োজন করে তাদের এ বিষয়ে সম্যক ধারণা প্রদান করার প্রতি গুরুত্বারোপ করেন। এছাড়াও পুলিশ অধিদপ্তর হতে উপস্থাপিত Smart ACR Management System (SACRMS) সফটওয়্যার এবং ডিজিটাল জিও আর্কাইভ সিস্টেমের প্রস্তাবটি final design এর পর সিনিয়র সচিব মহোদয়ের উপস্থিতিতে একটি প্রেজেন্টেশন উপস্থাপন করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন।

ক্র:নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	বাংলাদেশ পুলিশের ১৫ (পনের)টি আইনের ভাষান্তরের অগ্রগতি ত্বরান্বিত করাসহ পুলিশ স্টাফ কলেজ বিধিমালা সংশোধনকল্পে পুলিশ স্টাফ কলেজ আইন, ২০২২ সংশোধনের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতির বিস্তারিত পরিসংখ্যান সভায় উপস্থাপন করতে হবে।	পুলিশ অধিদপ্তর/ পুলিশ ও এনটিএমসি অনুবিভাগ

০২	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক APA'র (Next Generation APA) বিষয়ে চাহিত প্রস্তাবসমূহ সুযোগ হিসেবে আমলে নিয়ে জননিরাপত্তা বিভাগ ও অধীন দপ্তর/সংস্থার APA'র সূচক অর্জনে নিজেদের মতামত/ সমস্যাসমূহ'কে সাজেশন আকারে প্রস্তাবসমূহে অন্তর্ভুক্ত করে মতামত প্রেরণ করতে হবে।	দপ্তর/সংস্থা (সকল) /প্রশাসন ও অর্থ অনুবিভাগ
০৩	পুলিশ অধিদপ্তর কর্তৃক উপস্থাপিত Smart ACR Management System (SACRMS) সফটওয়্যার এবং ডিজিটাল জিও আর্কাইভ সিস্টেমের প্রস্তাবটি final design এর পর সিনিয়র সচিব মহোদয়ের উপস্থিতিতে একটি প্রেজেন্টেশন উপস্থাপন করতে হবে।	দপ্তর/সংস্থা (সকল) /প্রশাসন ও অর্থ অনুবিভাগ/সিস্টেম এনালিস্ট
০৪	সকল দপ্তর/সংস্থা হতে উদ্ভাবন (Innovation), সংস্কার (Reform) ও সুশাসন বিষয়ে যুগোপযোগী প্রস্তাব প্রেরণের লক্ষ্যে দপ্তর/সংস্থার প্রতিনিধিদের অংশগ্রহণে একটি কর্মশালা আয়োজন করতে হবে।	প্রশাসন ও অর্থ অনুবিভাগ/সিস্টেম এনালিস্ট
০৫	পুলিশ অধিদপ্তরের ওয়েবসাইটে মাননীয় মন্ত্রী ও সিনিয়র সচিব মহোদয়ের ছবি সংযুক্ত করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক অধীন দপ্তর/সংস্থার ওয়েবসাইট জাতীয় তথ্য বাতায়নের আদলে হালনাগাদ অব্যাহত রাখতে হবে।	দপ্তর/সংস্থা (সকল) /সিস্টেম এনালিস্ট

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০২১.০৬.০০১.১৯.২

তারিখ: ১৮ পৌষ ১৪৩০

০২ জানুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) দপ্তর সংস্থা প্রধান (সকল)।
- ২) অতিরিক্ত সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ
- ৩) যুগ্মসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ৪) উপসচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ
- ৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ
- ৭) সিনিয়র সহকারী সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ৮) সহকারী সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়



ফৌজিয়া খান
উপসচিব